



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৫.২৩.১৭

তারিখ: ৩ মাঘ ১৪৩০

১৭ জানুয়ারি ২০২৪

বিষয়: রাজবাড়ী জেলার সদর উপজেলাধীন 'উদয়পুর আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়' এর এমপিওভুক্তির বিষয়ে আইনগত মতামত প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজবাড়ী জেলার সদর উপজেলাধীন উদয়পুর বালিকা আদর্শ একাডেমী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়টি শিক্ষা মন্ত্রণালয়ের গত ০৬.০৫.২০১০ তারিখের শা:-১৩/এমপিও/১২/২০০৯/১৮৪ পত্র মোতাবেক এমপিওভুক্ত হয়। পরবর্তীতে অনিবার্য কারণবশত: কোনো কারণ দর্শানো ছাড়াই শিক্ষা মন্ত্রণালয়ের ১৬.০৬.২০১০ তারিখে শিম/শা:-১৩/বিষয়ে.১২/২০০৯/২২৯ নং-স্মারকে প্রকাশিত তালিকা থেকে প্রতিষ্ঠানটিকে বাদ দেওয়া হয়। এ আদেশের পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠানটি মহামান্য হাইকোর্ট রিট পিটিশন নং-৫৪৯৯/২০১৫ দায়ের করে। মহামান্য হাইকোর্ট বিভাগে ১১.০২.২০১৬ তারিখে দায়েরকৃত রিট পিটিশন নং-৫৪৯৯/২০১৫ এর আদেশ/রায় নিম্নরূপ:

“The respondents are directed to pay the teachers and employees of the school, their arrears of salary (MPO) with effect from,2010 within 30 (thirty) days from the date of receipt of this order.”

০২। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ থেকে মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগের সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং-৩১৫৭/২০১৬ মামলা দায়ের করা হয়। উক্ত মামলায় বিজ্ঞ আদালত ১৯.১০.২০২০ তারিখে নিম্নরূপ আদেশ/রায় প্রদান করেন:

“Considering the facts and circumstances of the case, we find no legal infirmity in the impugned judgment and order factually and legally calling for interference by this court.”

“Accordingly, we find no merit in this petition and the same is dismissed.”

০৩। এ প্রেক্ষিতে গত ২৫.০৮.২০২১ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বিজ্ঞ আইন উপদেষ্টা নিম্নরূপ মতামত প্রেরণ করেন:

“Our opinion is that the Directorate should take necessary steps to include the name of the above school in the MPO scheme as on May 2010

and pay MPO to the eligible teachers from the date.”


০৪। উল্লিখিত প্রতিষ্ঠানটির শিক্ষক কর্মচারীদের এমপিওভুক্ত করার জন্য দায়েরকৃত মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৫৪৯৯/২০১৫ ও মহামান্য সুপ্রীমকোর্টের আপিল বিভাগে Civil Petition for leave to Appeal No. ৩১৫৭/২০১৬ এর আদেশের বিরুদ্ধে রিভিউ করা হয়নি। মহামান্য আপিল বিভাগের আদেশের বিরুদ্ধে রিভিউ না করায় তামাদি সময় মার্জিনাসহ রিভিউ দায়ের করার জন্য অনুরোধ করা হয়েছিল। পরবর্তীতে সিভিল রিভিউ পিটিশন নং-৩৩/২০২৩ দায়ের করা হয়। সিভিল রিভিউ পিটিশন নং-৩৩/২০২৩ এর আদেশ নিম্নরূপ:

“Therefore, the judgment and order dated 11.02.2016 passed by the High Court Division in Writ Petition No. 5499 of 2015 being not sustainable in the eye of law is set aside.”

“The civil Review petition is, accordingly, disposed of with the above observation.”

০৫। এমতাবস্থায়, উপরোল্লিখিত রায়/আদেশ এর আলোকে রাজবাড়ী জেলার সদর উপজেলাধীন উদয়পুর আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তি করার বিষয়ে আইনগত মতামত প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



১৭-১-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

জনাব তৌফিক আনোয়ার চৌধুরী, বিজ্ঞ প্যানেল
আইনজীবী, এপার্টমেন্ট নং-বি/১৪, বাড়ি নং-৩, রোড
নং-১৬/এ, গুলশান-১, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৫.২৩.১৭/১(৩)

তারিখ: ৩ মাঘ ১৪৩০


১৭ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা

২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৭-১-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব